

একাদশে ভর্তিতে দ্বিতীয় ধাপে আবেদন শুরু আজ

অনলাইন ডেস্ক

৩০ জুন, ২০২৪
১০:৩৮

শেয়ার

অ +

অ -



একাদশ শ্রেণিতে ভর্তিতে দ্বিতীয় ধাপে অনলাইনে আবেদন প্রক্রিয়া শুরু হচ্ছে আজ রবিবার। এ দিন সকাল ১০টা থেকে নির্ধারিত ওয়েবসাইটে শিক্ষার্থীরা আবেদন করতে পারবেন। আগামী ২ জুলাই রাত ৮টা পর্যন্ত চলবে এ আবেদন প্রক্রিয়া।

একাদশে ভর্তির কেন্দ্রীয় ওয়েবসাইট ও আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি সূত্র জানায়, ৪ জুলাই রাত ৮টায় দ্বিতীয় ধাপের ফল প্রকাশ করা হবে।

৫ থেকে ৮ জুলাই রাত ৮টা পর্যন্ত দ্বিতীয় ধাপে নির্বাচিত শিক্ষার্থীদের নিশ্চায়ন প্রক্রিয়া চলবে। এরপর ১২ জুলাই দ্বিতীয় মাইগ্রেশনের ফল প্রকাশ করা হবে।

অনলাইনে আবেদন যেভাবে

ভর্তি নীতিমালা অনুযায়ী, চলতি বছর অনলাইনে নির্ধারিত ওয়েবসাইটে একাদশ শ্রেণির ভর্তির আবেদনের কার্যক্রম চলবে। অনলাইন ছাড়া শিক্ষার্থীরা ভর্তির আবেদন করতে পারবেন না।

এবার আবেদন ফি ১৫০ টাকা।

১৫০ টাকা আবেদন ফি দিয়ে সর্বনিম্ন পাঁচটি এবং সর্বোচ্চ ১০টি কলেজে পছন্দক্রম দিতে পারবেন শিক্ষার্থীরা। একজন শিক্ষার্থী যতগুলো কলেজে আবেদন করবেন, সেগুলোর মধ্য থেকে তার মেধা, কোটা ও পছন্দক্রমের ভিত্তিতে

একটিমাত্র কলেজে ভর্তির অবস্থান নির্ধারণ করা হবে।

নির্বাচিত শিক্ষার্থীকে ৩৩৫ টাকা দিয়ে প্রাথমিকভাবে ভর্তি নিশ্চিত করতে হবে।

প্রাথমিক ভর্তি নিশ্চিত করার পর তিনি আরও দুই ধাপে মাইগ্রেশন করতে পারবেন। শিক্ষার্থীর পছন্দের কলেজ সিট ফাঁকা থাকা সাপেক্ষে অটো মাইগ্রেশন করা হবে।

এসএসসি ও সমমান পরীক্ষা পাস করা শিক্ষার্থীদের মধ্যে যারা প্রথম ধাপে আবেদন করেননি তারা এ ধাপে আবেদন করতে পারবেন। যারা আবেদন করেও কলেজে মনোনীত হননি, তাদেরকে শুধুমাত্র অনলাইনে নিজের আইডি লগ ইন করে নতুন করে পছন্দক্রম দিতে হবে।

তাছাড়া যারা প্রথম ধাপে কলেজে মনোনীত হয়েও প্রাথমিক নিশ্চায়ন করেননি, তাদেরও পুনরায় এ ধাপে ফি পরিশোধ করে অনলাইনে আবেদন করতে হবে।